

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্র/এ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-২৫৬

তারিখঃ ১৯/০৩/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন গাংনী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ মোঃ আবুল কালাম আজাদ এর অনুভোলিত মে/২০১৫ হতে নভেম্বর/২০১৬ ইং পর্যন্ত ১৯ (উনিশ) মাস এবং উক্ত কলেজের শিক্ষক/কর্মচারীদের অনুভোলিত ডিসেম্বর/২০১৬ হতে জুন/২০১৭ইং তারিখ পর্যন্ত ০৭ (সাত) মাসের বকেয়া বেতন-ভাতার সরকারী অংশ প্রদান প্রসঙ্গে।

সূত্র : ৫৭.০০.০০০০.০৫১.৯৯.০১২.২০১৭/১৬৩ তারিখ: ১৫/০২/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন গাংনী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ ও শিক্ষক-কর্মচারীদের দাবীকৃত বকেয়া বেতন-ভাতাদের সরকারী অংশ প্রদানের বিষয় যাচাই বাছাই করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানিয়ে বর্ণিত সূত্র মোতাবেক কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা হতে স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.৯৯.০১২.২০১৭/১৬৩ তাং-১৫/০২/২০১৮ইং মূলে অত্র দপ্তরে একটি পত্র পাওয়া যায়।

২) উক্ত পত্র মোতাবেক বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মোঃ আবুল কালাম আজাদ এর মে/২০১৫ হতে নভেম্বর/২০১৬ইং তারিখ পর্যন্ত ১৯ মাস এবং উক্ত কলেজের শিক্ষক/কর্মচারীদের ডিসেম্বর/২০১৬ইং হতে জুন/২০১৭ইং তারিখ পর্যন্ত (০৭) সাত মাসের অনুভোলিত বকেয়া বেতন-ভাতার সরকারী অংশ প্রাপ্তির জন্য উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ, আপনার (সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) বরাবর আবেদন দাখিল করেন। যার স্মারক নং-গা/টে/বি/ম্যা/ক/২০১৮/০১/০১ তারিখঃ ০৩/০১/২০১৮খ্রিঃ।

৩) অত্র দপ্তরে সংরক্ষিত বর্ণিত প্রতিষ্ঠানের নথি ও এমপিও শীট পর্যালোচনায় দেখা যায় অত্র কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে আবেদনকারীগণের (উল্লেখিত সময়ের) বেতন-ভাতা স্থগিত কিংবা বন্ধ করা হয়নি। জনবল কাঠামো ২০১০ মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত ১৮ এর (৬) ধারা মোতাবেক “প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারি ব্যবস্থাপনা কমিটির মধ্যকার আভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলা বা অন্য কোন কারণে বেতন-ভাতাদের সরকারী অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে”।

যেহেতু প্রাতিষ্ঠানিক সমস্যার কারণে উল্লেখিত শিক্ষক-কর্মচারিগণ বেতন-ভাতা উত্তোলন করতে পারেননি তাই এমপিও নির্দেশিকার ২০১০ এর ১৮(৬) ধারা মোতাবেক এ অধিদপ্তর থেকে তাদের বকেয়া বেতন-ভাতা প্রদানের সুযোগ নেই। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।

এমতাবস্থায় বিষয়টি আপনার সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ সুবোধ চন্দ্র ঢালী, উপসচিব (কারিগরি)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

স্বাক্ষরিত/-
(অশোক কুমার বিশ্বাস)
অতিরিক্ত সচিব (কারিগরি)
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-২৫৬(০৭)

তারিখঃ ১৯/০৩/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ৩। উপসচিব (কারিগরি-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সভাপতি, গাংনী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, মেহেরপুর।
- ৫। অধ্যক্ষ, গাংনী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, মেহেরপুর।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ জহরুল ইসলাম)

সহকারী পরিচালক (এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।